

## 272160 - গাড়ী-মার্কেটের মূল্য-নিরূপণকারী কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ গ্রহণ করার হুকুম

### প্রশ্ন

এক লোকের গাড়ী আমার পার্কিং করা গাড়িকে ধাক্কা দিয়েছিল। যার ফলে আমার গাড়ীর বড় একটি অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্ঘটনাস্থলে ট্রাফিক পুলিশ হাযির আসল। উক্ত ব্যক্তির গাড়ীর গতিবেগ বেশি থাকার কারণে তাকে ১০০% দায়ী করা হল। ট্রাফিক অফিসে যোগাযোগ করা হলে তারা আমাকে গাড়ীর ক্ষয়-ক্ষতি নিরূপণকারী অফিসে যোগাযোগ করার পরামর্শ দিল। তারা গাড়ী দেখে রিপোর্ট দিয়ে জানাল যে, গাড়ী মেরামত করতে অনেক খরচ হবে। আমাকে গাড়ী-মার্কেটের মূল্য-নিরূপণকারী কাছে পাঠানো হল। সেখানে তিনটা শোরুমের পক্ষ থেকে গাড়ীটির মূল্য নির্ধারণ করা হল: দুর্ঘটনার আগে ৩৫,০০০ রিয়াল; দুর্ঘটনার পরে ১৪,০০০ রিয়াল। পার্থক্য হচ্ছে- ২১,০০০ রিয়াল। অবশেষে এ কাগজপত্রগুলো ট্রাফিক অফিসে জমা দেয়া হল। এক্ষেত্রে ট্রাফিক পুলিশ দায়ী ব্যক্তিকে এই পরিমাণ অর্থ প্রদানে বাধ্য করবে। দায়ী ব্যক্তি আমার সাথে যোগাযোগ করে গাড়ীটি মেরামত করে দেয়ার প্রস্তাব দিয়েছিল। কিন্তু আমি অস্বীকার করেছি। কারণ গাড়ী আগের অবস্থায় ফিরে যাবে না এবং দুর্ঘটনার কারণে গাড়ীর বাজার মূল্যও অনেক পড়ে যাবে। আমি সিদ্ধান্ত নিয়েছি পুরান গাড়ীর মার্কেটে গাড়ীটি বিক্রি করে দিব। প্রশ্ন হচ্ছে: গাড়ী-মার্কেটের মূল্য-নিরূপণকারী কর্তৃক যে ক্ষতিপূরণ নির্ধারণ করা হয়েছে সে পরিমাণ অর্থ গ্রহণ করার হুকুম কি? অর্থের পরিমাণ হচ্ছে- ২১,০০০ রিয়াল। উল্লেখ্য, আমি এক বছর আগে গাড়ীটি প্রায় ২৬,০০০ রিয়াল দিয়ে খরিদ করেছি। খরিদ করার পর বেশ কিছু মৌলিক মেরামত করতে হয়েছে; ভোগকেন্দ্রিক মেরামত নয়। আমি জানি না যদি পুরান গাড়ীর মার্কেটে গাড়ীটি বিক্রি করতে যাই তখন গাড়ীর বাজার মূল্য কত হবে?

### প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

গাড়ী মার্কেটের মূল্য-নিরূপণকারী ক্ষতিপূরণ হিসেবে যে অংক নির্ধারণ করেছে আপনি উক্ত অর্থ গ্রহণ করতে কোন অসুবিধা নেই। কেননা এ বিষয়ে রায় নিতে হবে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি থেকে।

মূলনীতি হচ্ছে যে ব্যক্তি কারো গাড়ী নষ্ট করেছে সে এ ক্ষতির জরিমানা দিতে বাধ্য, এর সাথে দুর্ঘটনার কারণে গাড়ীর মূল্য যত কমেছে সেটাও যোগ হবে।

আল-মাওসুআ আল-ফিকহিয়্যা (১/২২৬) গ্রন্থে এসেছে-

“যদি নষ্ট হয়ে যাওয়া জিনিসের সম জাতীয় জিনিস পাওয়া যায় তাহলে সে ব্যক্তি সমজাতীয় জিনিস দিয়ে ক্ষতিপূরণ দিবে- এ ব্যাপারে আমরা কোন মতভেদ জানি না। আর যদি মূল্যায়নযোগ্য জিনিস হয় তাহলে মূল্য দিয়ে ক্ষতিপূরণ দিবে। অনুরূপভাবে আমরা এ ব্যাপারেও কোন মতভেদ জানি না যে, মূল্য নির্ধারণের ক্ষেত্রে ক্ষতিপূরণের স্থানটাই ধর্তব্য হবে।[সমাণ্ড]

এ গ্রন্থে (২৮/২৩৩) আরও রয়েছে-

আত্মসাতের কারণে কিংবা ক্ষতিকর কোন কাজের কারণে কিংবা নষ্ট করার কারণে সম্পদের যে ঘাটতি হয় সেটার ক্ষতিপূরণ দেয়ার ব্যাপারে ফিকাহবিদদের কোন মতভেদ নেই; হোক না এই ঘাটতি ইচ্ছাকৃত কিংবা ভুলক্রমে কিংবা অবহেলার কারণে।[সমাপ্ত]

শাইখ উছাইমীন বলেন: শুধু গাড়ীর যন্ত্রাংশ দিতে হবে তা নয়; বরং গাড়ীর যন্ত্রাংশ এবং এক্সিডেন্টের কারণে গাড়ীর যে ক্ষয়ক্ষতি হয়েছে সেটাও দিতে হবে। অনেক মানুষের এ বিষয়টি মাথায় আসে না। অথচ সকলেই জানে এক্সিডেন্টের শিকার হওয়া গাড়ী মেরামত করা হলেও এর মূল্য এবং এক্সিডেন্ট হয়নি এমন গাড়ীর মূল্যের মধ্যে কত তফাৎ।[ফতাওয়া নুরুন আলাদ দারব থেকে সমাপ্ত]

অতএব, আপনার এই অর্থ গ্রহণে কোন অসুবিধা নেই। এমনকি আপনি যদি গাড়ীটি এর চেয়ে কম পয়সায়ও মেরামত করতে পারেন তবুও। কারণ হল যা আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি: এক্সিডেন্ট এর কারণে গাড়ীর মূল্য কমে গেছে। আপনি ক্ষতিপূরণ নিয়ে আপনার গাড়ী রেখে দেওয়া কিংবা পুরান মার্কেটে বিক্রি করে দেওয়া কোনটাতে আপত্তি নেই।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।